



দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ
গাজীপুর-১৭০৩।

নিয়োগ বিজ্ঞপ্তি

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ গাজীপুর-১৭০৩-এ নিম্নোক্ত পদসমূহে নির্ধারিত বেতনক্রম এবং প্রচলিত বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদিতে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। উক্ত পদসমূহে আবেদনের জন্য আবশ্যিকীয় শিক্ষাগত যোগ্যতা, বেতনস্কেল, বয়স ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো:

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতনস্কেল	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সহকারী কারিগরী কর্মকর্তা	২(দুই)টি	টাঃ ৫১০০-২৮০×৭-৭০৬০-ইবি-৩০০×১১-১০৩৬০/-	১৮-৩০ বৎসর (বিভাগীয় প্রার্থীদের জন্য ৩৫ বৎসর)	কম্পিউটার টেকনোলজিতে ডিপোমা।
২	মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট	২(দুই)টি (১জন পুরুষ ও ১জন মহিলা)	টাঃ ৪১০০-২৫০×৭-৫৮৫০-ইবি-২৭০×১১-৮৮২০/-	ঐ	এসএসসি পাসসহ মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট শীপ কোর্সে ৩ বৎসর মেয়াদী ডিপোমা।
৩	নিরাপত্তা সহকারী	৫(পাঁচ)টি	টাঃ ৩০০০-১৫০×৭-৪০৫০-ইবি-১৭০×১১-৫৯২০/-	প্রতিরক্ষা বা পুলিশ বিভাগের নায়ক বা সমমানের অবসরপ্রাপ্ত কর্মচারীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৪৫(পঁয়তালিশ) বৎসর; বেসামরিক প্রার্থীদের ক্ষেত্রে ১৮-৩০ বৎসর(বিভাগীয় প্রার্থীদের জন্য ৩৫ বৎসর)	এসএসসি পাসসহ প্রতিরক্ষা বা পুলিশ বিভাগের নায়ক বা সমমানের পদমর্যাদা সম্পন্ন অবসরপ্রাপ্ত কর্মচারী অথবা বেসামরিক প্রার্থীদের ক্ষেত্রে এইচএসসি পাস।
৪	প্রোডাকশন চেকার (পিসি)(পুরুষ)	৫(পাঁচ)টি	ঐ	১৮-৩০ বৎসর (বিভাগীয় প্রার্থীদের জন্য ৩৫ বৎসর)	দ্বিতীয় বিভাগে এইচএসসি পাস(সিজিপিএ ৩.০০)
৫	ইন্টারনাল চেকার (আইসি)(পুরুষ)	৪(চার)টি	ঐ	ঐ	ঐ
৬	সহকারী	৩(তিন)টি	ঐ	ঐ	ঐ
৭	পরীক্ষক	৬(ছয়)টি	ঐ	ঐ	ঐ
৮	এয়ারকন্ডিশনিং অপারেটর	১(এক)টি	টাঃ ৩১০০-১৭০×৭-৪২৯০-ইবি-১৯০×১১-৬৩৮০/-	ঐ	এসএসসি(বিজ্ঞান)সহ সংশ্লিষ্ট বিষয়ে ২বৎসর মেয়াদী ট্রেড কোর্স পাশ এবং শীতাতপ নিয়ন্ত্রণ পান্ট পরিচালনায় ও রক্ষণাবেক্ষনে কমপক্ষে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
৯	এয়ারকন্ডিশনিং অপারেটর	১(এক)টি	টাঃ ৩০০০-১৫০×৭-৪০৫০-ইবি-১৭০×১১-৫৯২০/-	ঐ	ন্যূনতম ৮ম শ্রেণী পাশ এবং সেন্ট্রাল এয়ার কন্ডিশনিং অথবা রোটোরী যন্ত্রপাতি পরিচালনা ও রক্ষণাবেক্ষনে কমপক্ষে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ ট্রেডকোর্স পাশ।
১০	অ্যাপ্রেন্টিস প্রিন্টার	৫(পাঁচ)টি	ঐ	ঐ	এসএসসি পাশসহ অফসেট প্রিন্টিং-এ কমপক্ষে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
১১	ডিস্ট্রিবিউটর (মহিলা)	১(এক)টি	টাঃ ২৬০০-১২০×৭-৩৪৪০-ইবি-১৩০× ১১-৪৮৭০/-	ঐ	এসএসসি পাস। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
১২	নিরাপত্তা প্রহরী গ্রেড-বি (পুরুষ)	৬(ছয়)টি	টাঃ ২৪০০-১০০×৭-৩১০০-ইবি-১১০×১১-৪৩১০/-	সর্বোচ্চ ৪৫বৎসর	প্রতিরক্ষা বিভাগের অবসরপ্রাপ্ত সৈনিক বা পুলিশ বিভাগের অবসরপ্রাপ্ত কনস্টেবল বা প্রাক্তন ব্যাটালিয়ন আনসার।
১৩	এমএলএসএস (ক্রিনার) গ্রেড-বি	১(এক)টি	ঐ	১৮-৩০ বৎসর (বিভাগীয় প্রার্থীদের জন্য ৩৫ বৎসর)	এসএসসি পাসসহ ১ বৎসরের অভিজ্ঞতা অথবা ৮ম শ্রেণী পাশসহ কোন বৃহৎ শিল্প প্রতিষ্ঠানে কমপক্ষে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।

আবেদনপত্রে নিম্নোক্ত তথ্যাদি উল্লেখ করতে হবে :

১। নাম ২। পিতার নাম ৩। মাতার নাম ৪। স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) ৫। বর্তমান ঠিকানা ৬। স্থায়ী ঠিকানা ৭। জন্ম তারিখ ৮। বয়স (১১/১০/২০০৯ তারিখে) ৯। জাতীয়তা ১০। শিক্ষাগত যোগ্যতা ১১। অভিজ্ঞতা ১২। বৈবাহিক অবস্থা ১৩। আবেদনকারীর স্বাক্ষর।

আবেদন পত্রের সাথে আবশ্যিকীয় দলিলাদি :

১। সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি ২। সম্প্রতি তোলা ৪(চার) কপি (ছবির পিছনে প্রার্থীর নামসহ) পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি ৩। যে কোন ২(দুই) জন গেজেটেড অফিসার অথবা বাংলাদেশ ব্যাংক বা অত্র করপোরেশনের যে কোন ২(দুই) জন প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদেয় ২(দুই)টি চারিত্রিক সনদ ৪। ইউপি চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/সিটি করপোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদেয় নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি ৫। মুক্তি যোদ্ধার ক্ষেত্রে মুক্তি যুদ্ধের সত্যায়িত সনদপত্র ৬। বিদ্যালয়সহ সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসা পত্রের সত্যায়িত কপি ৭। অভিজ্ঞতার সনদ পত্রের সত্যায়িত কপি ৮। দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর এর অনুকূলে ১০০.০০(একশত) টাকা মূল্যমানের ক্রসড পোস্টাল অর্ডার (অফেরৎযোগ্য)।

১নং ক্রমিকের জন্য সকল জেলা এবং ২ থেকে ১৩ নং ক্রমিকে বর্ণিত পদে ব্রাহ্মনবাড়ীয়া, বাগেরহাট, ভোলা, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, চট্টগ্রাম, কক্সবাজার, ঢাকা, দিনাজপুর, ফেনী, গাইবান্ধা, হবিগঞ্জ, যশোর, জয়পুরহাট, খাগড়াছড়ি, খুলনা, কিশোরগঞ্জ, কুড়িগ্রাম, লক্ষ্মীপুর, মাগুরা, মেহেরপুর, মৌলভীবাজার, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, নওগাঁ, নারায়নগঞ্জ, নরসিংদী, নাটোর, নীলফামারী, নোয়াখালী, পাবনা, পঞ্চগড়, রাজশাহী রাসামাটি, রংপুর, সাতক্ষীরা, সুনামগঞ্জ, সিলেট, ঠাকুরগাঁও ও বান্দরবান জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। আবেদন পত্র দাখিলে আগ্রহী প্রার্থীদেরকে ব্যবস্থাপনা পরিচালক, দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর-১৭০৩ বরাবরে খামের উপর পদের নাম লিখে আগামী ১১/১০/২০০৯ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে পৌঁছাতে হবে। চাকুরীরত প্রার্থীগণকে তাদের স্ব স্ব নিয়োগ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত পেশ করতে হবে। সরকারী নিয়মানুযায়ী জেলা কোটা, মুক্তিযোদ্ধা কোটা সংরক্ষণ করা হবে। অসম্পূর্ণ দরখাস্ত কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল করা হবে। নির্দিষ্ট তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র অগ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে। উল্লিখিত পদ সংখ্যা কম/বেশী হতে পারে এবং নতুন পদ সৃষ্টি বা শূন্য হলে প্রস্তুতকৃত প্যানেল থেকে নিয়োগ দেয়ার বিষয়টি বিবেচিত হতে পারে।

(মোঃ আদম আলী)

উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)